



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর  
আইসিটি শাখা  
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।  
[www.roc.gov.bd](http://www.roc.gov.bd)



স্মারক নম্বরঃ ২৬.০৬.০০০০.০৬০.০১.০৭২.১৯. ৫৪৭

তারিখঃ ৫ জৈষ্ঠ ১৪৩০  
২২ মে ২০২৩

পরিপত্র

বিষয়ঃ স্বয়ংক্রিয় পক্ষতিতে সার্টিফাইড কপি প্রদান সংক্রান্ত।

এতদ্বারা এ পরিদপ্তরের সকল সেবাগ্রহণকে অবগত করা যাচ্ছে যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের বিদ্যমান ডিজিটাল সেবার মাধ্যমে দুটো সময়ে গ্রাহকসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনে নিবন্ধিত/রেকর্ডকৃত রেকর্ড/দলিলাদির স্বয়ংক্রিয় সার্টিফাইড কপি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে নিম্নোবর্ণিত সার্টিফাইড কপি স্বয়ংক্রিয় পক্ষতিতে গ্রাহকের ই-মেইলে প্রেরণ করা হচ্ছে:

১. বার্ষিক মূলধনের বিবরণী (শিডিউল-১০)
২. শেয়ার বরাদ্দের তালিকা (ফরম-১৫)
৩. অনুমোদিত শেয়ার মূলধন বৃক্ষির তালিকা (ফরম-৪)
৪. রেজিস্টার্ড অফিস পরিবর্তন (ফরম-৬)
৫. পরিচালকের তালিকা (ফরম-১২)
৬. নিবন্ধিত সংঘস্মারক ও সংঘবিধি
৭. সংশোধিত সংঘস্মারক (Digitally Available)
৮. সংশোধিত সংঘবিধি (Digitally Available)
৯. কোম্পানি, সোসাইটি, পার্টনারশিপ ফার্ম, টি.ও. এর নিবন্ধন সার্টিফিকেট
১০. বিদেশী কোম্পানির ফাইলিং সার্টিফিকেট
১১. নাম পরিবর্তনের সার্টিফিকেট

Online-এ দাখিলকৃত এবং রেকর্ডকৃত উপরে বর্ণিত দলিলপত্র/রেকর্ডাদির স্বয়ংক্রিয় সার্টিফাইড কপির জন্য গ্রাহকগণকে [www.roc.gov.bd](http://www.roc.gov.bd) এ প্রবেশ করে “আরজেএসসি ই-সেবা” অপশনে ক্লিক করতে হবে। অতঃপর Apply for certified copy অপশনে ক্লিক করে গ্রাহককে তার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। এ পর্যায়ে নির্ধারিত ফরম পূরণ করে স্বয়ংক্রিয় সার্টিফাইড কপির জন্য আবেদন করতে হবে। আবেদন সম্পন্ন হলে নির্ধারিত ফি প্রদান করে গ্রাহক তার ই-মেইলে কাংখিত সার্টিফাইড কপি স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হবেন।

উল্লেখ্য, উপরিউক্ত ডকুমেন্ট ব্যতিরেকে অন্য কোন ডকুমেন্টের সার্টিফাইড কপির জন্য Apply for certified copy for none digital documents লিংকে ক্লিক করে আবেদন করতে হবে।

জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অন্তিমিলম্বে কার্যকর হবে।

( শ্রেষ্ঠ শোমেবুল আলম এন্টার্প্রিজ )

নিবন্ধক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১

[registrar@roc.gov.bd](mailto:registrar@roc.gov.bd)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ত্রুট্যানুসারে নয়)।

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেগজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।